DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:17 AM

শিক্ষা

# আইবিএ ও বেক্সিমকো ফার্মার যৌথ উদ্যোগে এক্সিকিউটিভ প্রশিক্ষণ কর্মসূচি শুরু

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ০১ আগস্ট ২০২৬, ০৬:৩৬ PM




ছবি সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ) এবং বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস পিএলসির যৌথ উদ্যোগে দেশে প্রথমবারের মতো অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফার্মাসিউটিক্যাল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন শীর্ষক এক্সিকিউটিভ প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। শনিবার (১ আগস্ট) প্রথম ব্যাচের উদ্বোধনের মধ্য দিয়ে কর্মসূচিটির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

ছয় মাসব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচি ফার্মাসিউটিক্যাল শিল্পের পেশাজীবীদের নেতৃত্বের দক্ষতা, ব্যবসায়িক জ্ঞান এবং কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে পরিচালিত হবে। আয়োজকদের দাবি, দেশে ফার্মাসিউটিক্যাল শিল্পের বাণিজ্যিক, নিয়ন্ত্রক, উৎপাদন ও উদ্ভাবনসংক্রান্ত বাস্তব চাহিদাকে কেন্দ্র করে এটিই প্রথম পূর্ণাঙ্গ এক্সিকিউটিভ প্রশিক্ষণ কর্মসূচি।

কর্মসূচিতে আইবিএর শিক্ষক এবং ফার্মাসিউটিক্যাল শিল্পের জ্যেষ্ঠ নির্বাহীরা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। পাঠদানে ক্লাসরুম

লেকচার, কেস স্টাডি, বিজনেস সিমুলেশন এবং বাস্তবভিত্তিক প্রকল্প অন্তর্ভুক্ত থাকবে।

কোর্স সফলভাবে সম্পন্নকারীদের আইবিএর পক্ষ থেকে সনদ দেওয়া হবে।

প্রথম ব্যাচে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস, সাইনোভিয়া ফার্মা এবং নুভিস্তা ফার্মার ৪৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আইবিএর পরিচালক অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের প্রধান পরিচালন কর্মকর্তা (সিওও) রাব্বুর রেজা, কর্মসূচির মডারেটর অধ্যাপক ড. মো. মহিউদ্দিন এবং প্রতিষ্ঠানটির মানবসম্পদ বিভাগের প্রধান এম. এ. আরশাদ ভূঁইয়াসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, আইবিএর একাডেমিক দক্ষতা এবং শিল্পখাতের বাস্তব অভিজ্ঞতার সমন্বয়ে পরিচালিত এই কর্মসূচি ফার্মাসিউটিক্যাল শিল্পে এক্সিকিউটিভ শিক্ষার নতুন মানদণ্ড তৈরি করবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে বেক্সিমকো ফার্মাসিউটিক্যালসের সিওও রাব্বুর রেজা একটি মাস্টারক্লাস পরিচালনা করেন।

---

## এ বিভাগের আরও খবর



**□বাকশাল□ জবাই করে রাকসুর জিএস আম্মারের □জুলাই জিয়াফত□**

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু) সাধারণ সম্পাদক (জিএস) সালাহউদ্দিন আম্মারের নেতৃত্বে একটি গরুর নাম □বাকশাল□ রেখে সেটি জব...



**জানা গেল কবে থেকে শুরু কলেজে ভর্তি আবেদন**

নতুন শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে ভর্তি আবেদনের কার...



**এসএসসিতে রেকর্ড ১৯ বছরের মধ্যে সর্বনিম্নে পাসের হার**

একসময় এসএসসি ও সমমান পরীক্ষায় ৮০ থেকে ৯০ শতাংশের বেশি শিক্ষার্থী পাস করত। সেই ধারাবাহিকতায় এবার বড় ধাক্কা। ২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষা...



**নরসিংদীর নাছিমা কাদির মোল্লা হাই স্কুলের, ৩৮২ শিক্ষার্থীর সবাই জিপিএ-৫**

এসএসসি ও সমমান পরীক্ষায় ধারাবাহিক সাফল্য ধরে রেখেছে নরসিংদীর নাছিমা কাদির মোল্লা হাই স্কুল অ্যান্ড হোমস। এ বছর প্রতিষ্ঠানটি থেকে ৩৮২ জন শিক্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/education/aibie-o-beksimko-farmar-jouth-udjoge-eksikiutibh-prshikshn-krmsuchi-shuru